আমি ও নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম নাপাক অবস্থায় একই পাত্র থেকে পানি নিয়ে গোসল করতাম এবং তিনি আমাকে নির্দেশ দিলে আমি নিম্নাংশে ইযার পরে নিতাম। আর আমার মাসিক স্রাব অবস্থায় তিনি আমার শরীরের সাথে শরীর লাগিয়ে শয়ন করতেন।

উম্মুল মু’মিনীন ‘আয়িশা রাদিয়াল্লাহু ‘আনহা থেকে বর্ণিত, তিনি বলেন: আমি ও নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম নাপাক অবস্থায় একই পাত্র থেকে পানি নিয়ে গোসল
করতাম এবং তিনি আমাকে নির্দেশ দিলে আমি নিম্নাংশে ইযার পরে নিতাম। আর আমার মাসিক
স্রাব অবস্থায় তিনি আমার শরীরের সাথে শরীর লাগিয়ে শয়ন করতেন। তাছাড়া তিনি ই‘তিকাফ অবস্থায় মাথা বের করে দিতেন, আর আমি হায়েয অবস্থায় মাথা ধুয়ে দিতাম।
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

উম্মুল মু’মিনীন ‘আয়িশা রাদিয়াল্লাহু ‘আনহা এ হাদীসে তার ও নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের মধ্যকার একান্ত কিছু অবস্থা সম্পর্কে সংবাদ দিয়েছেন। তন্মধ্যে কয়েকটি হলো: তিনি ও নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম নাপাক অবস্থায় একই পাত্র থেকে পানি নিয়ে একত্রে গোসল করতেন। তার হায়েয অবস্থায় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন তার কাছে যেতেন, তখন তিনি তাকে তার নাভী থেকে হাঁটু পর্যন্ত ইযার- কাপড় দিয়ে ঢেকে রাখতে নির্দেশ দিতেন। অতপর তিনি তার সাথে সহবাস ছাড়া শরীরের জড়াজড়ি করতেন। তাছাড়া নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন মসজিদে ই‘তিকাফ করতেন, তখন তাঁর মাথা আয়েশা রাদিয়াল্লাহু ‘আনহার দিকে বের করে দিতেন। আর তিনি ঘর থেকে হায়েয অবস্থায় তাঁর মাথা ধুয়ে দিতেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/3476